দৈনিক সংবাদ

তারিখ 15 AUG. 1987

পৃষ্ঠা 5 কলাম 7

46

## এস,এস,সি বৃত্তি এবং-

এস,এস,সি পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে প্রতি বছরই বোর্ড কর্তৃপক্ষ কতিপয় বৃত্তি প্রদান করে থাকেন। কিন্তু পরিতাপের বিষয় ঢাকাস্থ গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রী যারা ১৯৮৬ সনে এস, এস, সি পাস করে ভর্তি হয়েছে তারা উক্ত বৃত্তি থেকে বঞ্চিত হচ্ছে। কলেজ কর্তৃপক্ষের পক্ষ থেকে কোন রকম তালিকা বোর্ড অফিসে না পাঠানোর জন্যই এমনটি হয়েছে। এ বিষয়টি ঘটাইপেও, গেজেটে উল্লেখ আছে। কলেজ কর্তৃপক্ষ এ ব্যাপারে পরিস্কার ধারণা দিতে পারছেন না। ইতিমধ্যে বৃত্তির ১ম কিস্তির টাকা ল্যাপস হয়ে যাওয়ার পথে। তা হলে গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীরা এ বৃত্তির অনুপযুক্ত? পার্শ্ববর্তী ইডেন কলেজে যে নম্বর পেয়ে বৃত্তি পেয়েছে সেখানে সমান নম্বর পেয়ে উল্লেখিত কলেজের ছাত্রীরা বৃত্তি পাবে না?

এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং ছাত্রীদের মেধার স্বীকৃতি থেকে যেন বঞ্চিত হতে না হয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

জনৈক অভিভাবক
মোস্তফা কামাল।
গাইবান্ধা।

এস, এস, সি বৃত্তি প্রসঙ্গে

চিঠিপত্র। দৈনিক সংবাদ, ঢাকা। তারিখ ১৫ : ৮

জনৈক অভিভাবক জানিয়েছেন যে, এস, এস, সি পরীক্ষায় ইডেন কলেজে যে নম্বর পেয়ে বৃত্তি পেয়েছে সেখানে সমান নম্বর পেয়ে গার্হস্থ্য অর্থনীতি কলেজের মেয়েরা বৃত্তি পাচ্ছে না।